

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায় (১ম সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২১.১৮. ২২৬০

তারিখ: ১৩ জুন ২০২৪

বিষয়: সার্ভে ও ডাটা এন্ট্রির বাজেট বিভাজন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)- ২য় পর্যায় (১ম সংশোধিত)” প্রকল্পের আওতায় মহিলা সুফলভোগী সদস্যদের বেইজ লাইন সার্ভে সম্পন্নপূর্বক সফটওয়্যারে ডাটা এন্ট্রি করার নির্দেশনা রয়েছে। সার্ভে ও ডাটা এন্ট্রির জন্য প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে উক্ত খাতে প্রয়োজনীয় অর্থের সংস্থান রয়েছে। সে আলোকে সংস্থাকৃত অর্থ হতে উপজেলা পর্যায়ে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করা হয়। সার্ভে ও ডাটা এন্ট্রি বাবদ বরাদ্দকৃত অর্থের ডাটা প্রতি বিভাজন নিম্নরূপ :

ক্র. নং	সদস্য প্রতি তথ্য সংগ্রহ/ডাটা এন্ট্রি/তদারকির জন্য সম্মানী ভাতার পরিমাণ		
১	তথ্য সংগ্রহকারী	মাঠ সংগঠক	৫/-
২	ডাটা এন্ট্রি	হিসাব সহকারী	৭/-
৩	তদারকি কর্মকর্তা	এআরডিও	৩/-
		মোট	১৫/-

উল্লেখ্য, তথ্য সংগ্রহকারীর সম্মানী ভাতা প্রদানের ক্ষেত্রে মহিলা সুফলভোগী সদস্যদের নির্ধারিত ফরমের সকল তথ্য সঠিক ও নির্ভুলভাবে লিপিবদ্ধ করা সাপেক্ষে পরিশোধযোগ্য হবে। ডাটা এন্ট্রি বাবদ সম্মানী ভাতা প্রদানের ক্ষেত্রে নির্ধারিত ফরমের তথ্যসমূহ সঠিকভাবে সফটওয়্যারে এন্ট্রিকরণ, সদস্যের ছবি, স্বাক্ষর ও আবেদন ফরমের হার্ড কপি স্ক্যান করে সফটওয়্যারে আপলোডকরণ এবং সঠিকভাবে মোবাইল নম্বর এন্ট্রি করা সাপেক্ষে পরিশোধযোগ্য হবে। তদারকি কর্মকর্তার সম্মানী ভাতা প্রদানের ক্ষেত্রে তথ্য সংগ্রহকারী ও ডাটা এন্ট্রি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সঠিক ও নির্ভুলভাবে সম্পন্ন হওয়া সাপেক্ষে পরিশোধযোগ্য হবে। ২০২৩-২৪ অর্থবছরের গঠিত সমিতিসমূহ ও নতুন সদস্য অন্তর্ভুক্তিপূর্বক যাবতীয় তথ্য সফটওয়্যারে যথাযথভাবে আপলোড না করে সার্ভে ও ডাটা এন্ট্রি বাবদ সম্মানী ভাতা প্রদানযোগ্য হবে না।

২। সার্ভে ও ডাটা এন্ট্রি খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি বিধান অনুসরণ করতে হবে।


উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (প্রকল্পভুক্ত)

বিআরডিবি

উপজেলা:, জেলা:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: (প্রকল্পভুক্ত)।
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা:, জেলা:
৫. পরিচালক (পরিকল্পনা) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন : ০২-৪১১০১০৩৪১